

উপজেলা পরিষদের মতস্য ও প্রানী সম্পদ দপ্তর সংক্রান্ত সেপ্টেম্বর /২১ মাসের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মনিরা বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ ও সময় : ১২/০৯/২০২১ খ্রিঃ, বেলা ১১.০০ টা।

সভার আলোচ্য বিষয় সমূহ :


প্রাণিসম্পদ বিভাগ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ২৮ শে সেপ্টেম্বর /২০২১ ই তারিখ বিশ্ব জলাতংক দিবস। জলাতংক রোগটি ভাইরাস দ্বারা হয়ে থাকে। এ রোগের লক্ষণ প্রকাশ পেলে এর কোন চিকিৎসা নেই এবং মৃত্যু অবধারিত। কুকুর, বিড়াল, শূগাল, বেজি ও বানরের কামড়ে এ রোগের সংক্রমণ ঘটে। একমাত্র উপায় এগুলি সঠিক সময় টিকা দেয়া কিছু দরিদ্র মানুষ তাদের গবাদি পশু আক্রান্ত হলে এ টিকা সময়মত ফার্মেসীতে না পাওয়ার কারণে গবাদি পশুতে প্রয়োহণ করতে পারে না। ফলে তার গবাদি পশু জলাতংক রোগে আক্রান্ত হয়ে মারা যায়। উপজেলা পরিষদ থেকে এ টিকা ক্রয়ের জন্য ব্যবস্থা করলে দরিদ্র জনগণ সঠিক সময় আক্রান্ত গবাদি পশুকে টিকা প্রয়োগ করতে পারবে। জলাতংক রোগের টিকা ক্রয়ের জন্য তিনি সভায় উপজেলা পরিষদের তহবিল থেকে রিভল্ভিং ফান্ড হিসেবে প্রাণিসম্পদ বিভাগকে ৩০০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদানের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদ তহবিল থেকে গবাদি পশুর জলাতংক রোগের টিকা ক্রয়ের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা রিভল্ভিং ফান্ড হিসেবে প্রাণিসম্পদ বিভাগকে প্রদানের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

মতস্য বিভাগ

সিনিয়র উপজেলা মতস্য কর্মকর্তা, সভায় জানান যে, আমতলী উপজেলা সকল জলাশয় উন্নত প্রযুক্তির মাছ চাষ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে আমতলী উপজেলায় মাছের বৃদ্ধির জন্য পুকুর মালিকদের প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন। কিন্তু পর্যাপ্ত বরাদ্দ না থাকায় প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না। পুকুর মালিকদের প্রশিক্ষণের নিমিত্তে উপজেলা পরিষদ থেকে বরাদ্দ প্রদানের বিষয় সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থিত সদস্যদের অনুরোধ করেন। বিষয়টি সভায় আলোচনাক্রমে উপজেলা পরিষদ সভায় উপস্থাপননের সিদ্ধান্ত গ্রহিত হয়।


মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ

ও সভাপতি

মতস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি

আমতলী, বরগুনা।

তারিখঃ

স্মারক নং

সদয় অবগতিরজন্য অনুলিপি প্রেরণ করা হলো :


১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা।

২। উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা।

৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা।

৪। উপজেলা..... অফিসার, আমতলী, বরগুনা।

৫। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, আমতলী, বরগুনা।


উপজেলা প্রাণিসম্পদ অফিসার

ও

সদস্য সচিব, মতস্য ও প্রাণিসম্পদ দপ্তর সংক্রান্ত কমিটি

আমতলী, বরগুনা।

উপজেলা পরিষদের মতস্য ও প্রাণী সম্পদ দপ্তর সংক্রান্ত সেপ্টেম্বর /২১ মাসের স্থায়ী কমিটির
সভার হাজিরা স্বাক্ষর

সভার তারিখ : ১২/০৯/২০২১ খ্রিঃ

ক্রঃ নং	উপস্থিত সদস্যদের নাম	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোসা: মনিরা বেগম , মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা।	সভাপতি	স্বাক্ষরিত
০২	চেয়ারম্যান , আড়পাঙ্গাশিয়া , ইউ পি	সদস্য	স্বাক্ষরিত
০৩	চেয়ারম্যান , গুলিশাখালী ইউ পি	সদস্য	স্বাক্ষরিত
০৪	চেয়ারম্যান , কুকুয়া ইউ পি	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক	সদস্য সচিব	স্বাক্ষরিত